গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই, সুনামগঞ্জ
www.derai.sunamganj.gov.bd

সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃমাসে অনুষ্ঠিতউপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব বিশ্বজিত দেব, উপজেলা নির্বাহী অফিসার(চ.দা), দিরাই, সুনামগঞ্জ
সভারস্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দিরাই, সুনামগঞ্জ
সভার তারিখ ঃ ২৯ সেপ্টেম্বর ২০১৯খ্রি.।
সভার সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে অফিসার ইনচার্জ, দিরাই থানা জুলাই-আগস্ট/২০১৯ মাসের মাসিক অপরাধ চিত্র সভায় উপস্থাপন করেন। তুলনামূলক অপরাধ চিত্রের বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আগস্ট/২০১৯ | জুলাই-২০১৯ |
|---|---|---|---|
| ০১. | সিঁদেল চুরি/মোটর সাইকেল/চুরী | - | |
| ০২. | গবাদি পশু চুরি/গাড়ী চুরি | - | - |
| ০৩. | অস্ত্র আইন | - | - |
| ০৪. | মাদকদ্রব্য | ২ | ০৫ |
| ০৫. | চোরাচালান | - | - |
| ০৬. | ধর্ষণ | - | - |
| ০৭. | খুন | ১ | - |
| ০৮. | রাজনৈতিক খুন | - | - |
| ০৯. | পুলিশ আক্রান্ত | - | - |
| ১০. | ডাকাতি | - | - |
| ১১. | চাঁদাবাজী | - | - |
| ১২. | অপহরণ (অন্যান্য কারণ) | - | - |
| ১৩. | অন্যান্য খাতে মামলা | ৩ | ০৩ |
| ১৪. | অন্যান্য চুরি | ২ | ০২ |
| ১৫. | নারী নির্যাতন (অন্যান্যভাবে) | ১ | ০২ |
| ১৬. | শিশু নির্যাতন | - | - |
| ১৭. | দস্যুতা | - | - |
| | মোট | ০৯ | ১২ |

আলোচনায় অফিসার ইনচার্জ দিরাই থানা বলেন যে, সিলেট বিভাগের সকল উপজেলা পর্যায়ে বিট পুলিশি কার্যক্রম শুরু হয়েছে। ইউনিয়ন পর্যায়ে বিট পুলিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে একটি কক্ষ বরাদ্দ করা হলে সপ্তাহে ২দিন দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা প্রতি ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রম পরিচালনা করবেন। এতে বিচার প্রার্থী গ্রামের লোকজন ইউনিয়ন পরিষদে সেবা পাবেন। সেবার জন্য কষ্ট করে থানায় আসার দরকার হবেনা। তাই প্রতিটি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বিট পুলিশের জন্য একটি কক্ষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।

১. চেয়ারম্যান, রাজানগর ইউনিয়ন পরিষদ ঃ আসন্ন দূর্গা পুজার শুভেচ্ছা জ্ঞাপন করে তিনি জানান তার ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে খুবই ভাল রয়েছে। আপাতত কোন সমস্যা নাই। সম্প্রতি জুয়া খেলার অপরাধে ০৬জনকে গ্রেফতার করায় অফিসার ইনচার্জকে ধন্যবাদ জনান এবং এলাকাবাসি চুরির অভিযোগ নিয়ে থানায় আসছে। বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ জানান।

২. চেয়ারম্যান, চরনারচর ইউনিয়ন পরিষদ ঃ তিনি আসন্ন দূর্গা পুজা উপলক্ষে সকলকে শুচ্ছো জানিয়ে বলেন ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি ভাল। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শ্যামারচর বাজারে মোবাইল কোর্ট পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং শ্যামারচর ট্রলার ঘাট এর শৃঙ্খলা আনায়নের অনুরোধ জানান। সম্প্রতি তার ইউনিয়নের চঞ্চলা রানী রায় কর্তৃক এলাকার স্বনামধন্য ব্যক্তিত্ব জগদীশ সামন্ত রায় সম্মানহানি ঘটনার তীব্র নিন্দা জানান। তিনি রফিনগর

ইউনিয়নে নৌকা ডুবিতে ৫জন শিশুসহ ১০ জনের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

**৩. চেয়ারম্যান, কুলঞ্জ ইউনিয়ন পরিষদ** ঃ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন কুলঞ্জ ইউনিয়ন থানা থেকে বেশ দুরে হলেও থানা কর্তৃপক্ষের সার্বিক তত্ত্বাবধানে তার ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে আকিলশাহ বাজারের পূর্বে ও পশ্চিমে নৌকার মধ্যে জুয়া খেলার প্রবনতা লক্ষ্য করা যাচ্ছে এবং জলমহালের মাছ ধরার সময় বিলে কিছুটা উত্তেজনা বিরাজ করতে পারে মর্মে সভাকে অবহিত করে অফিসার ইনচার্জ, দিরাই থানার দৃষ্টি আকর্ষণ করেন।

**৪. চেয়ারম্যান,দিরাই সরমঙ্গল ইউনিয়ন পরিষদ** ঃ শুরুতে উপস্থিত সকলকে সালাম, আদাব ও শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি মোটামুটি ভাল আছে। তিনি জনসাধারণের চলাচলের সুবিধার্থে ঘাগটিয়া খালের দুই পাড়ে এলোপাথাড়ি গাছ/গাছের ডাল ও বাশ অপসারণেরসহ খালে বাঁশ পেলে অবৈধভাবে মাছ আহরণের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন যে, কামাল নামের একজন আনসার সদস্য বিভিন্ন স্থানে জুয়াড়িদের সুদের উপর টাকা দেওয়ার বিষয়টি বিগত সভায় আলোবচনা করায় তাকে হুমকি প্রদর্শন করে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, জারুলিয়া গ্রামে এবার থেকে দূর্গাপুজা অনুষ্ঠিত হচ্ছে এবং ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে মুক্তিযোদ্ধা কর্ণার করা হয়েছে মর্মে সভাকে জানান।

**৫. চেয়ারম্যান, ভাটিপাড়া ইউনিয়ন পরিষদ** ঃ সভায় উপস্থিত সভাই অভিনন্দন জানিয়ে বলেন ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি জানান যে, ভাটিপাড়া ও রফিনগর ইউনিয়নের জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনের জন্য বর্ষার ৬ মাস নৌকা ব্যবহার করা হয়। শুষ্ক মৌসুমে (কার্তিক মাসের ১০ তারিখ হতে) মোটর সাইকেলসহ অন্যান্য যানবাহন ব্যবহার করা জন্য নৌকার মাঝি ও মোটর সাইকেল চালকদের সাথে সমঝোতা ছিল। সমঝোতা বঙ্গ করে মোটরসাইকেল চালকগণ মাঝখানে প্রায় ১ কিলোমিটার খেয়ানৌকা মাধ্যমে মোটরসাইকেল পারাপার করে লোকজন আনা নেয়া করছে। বিধায় নৌকায় লোকজন না উঠায় নৌকার মাঝি ও মোটরসাইকেল ড্রাইভারদের মধ্যে ঝামেলা হয়েছে। তাই নৌকা চলাচল বন্ধ থাকায় মালামাল পরিবহনে সমস্য হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

**৬. চেয়ারম্যান,রফিনগর ইউনিয়ন পরিষদ** ঃ তিনি সভায় জানান, তার ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক আছে। আপাতত কোন সমস্যা নাই। তিনি ভাটিপাড়া ইউপি চেয়ারম্যান উথাপিত বিষয়টি সমর্থন করে বলেন যে, যতদিন নৌকা চলাচল করবে তত দিন অবৈধ খেয়া নৌকা বন্ধের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

*৭. জনাব সন্দিপন দাস, প্রভাষক, দিরাই সরকারি কলেজ, দিরাই* ঃ সভায় জানান দিরাই উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি অত্যন্ত ভাল। তিনি দূর্গাপুজা উপলক্ষে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবাহ ও পুজার অষ্টমী ও দমশীর দিন দর্শনার্থীদের চলাচল ও শৃঙ্খলা নিয়ন্ত্রণের স্বার্থে হারানপুর রাস্তায় যানবাহান চলাচল বন্ধ রাখার জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।

**৮. প্রধান শিক্ষক, দিরাই উচ্চ বিদ্যালয়, দিরাই** আসন্ন দূর্গাপুজা উপলক্ষে সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং প্রশাসনের পক্ষে প্রতিটি পূজা মন্ডপ পরিদর্শনের অনুরোধ জানিয়ে বলেন যে, প্রশাসন ও পুলিশ বিভাগ হতে পূজা মন্ডপ পরিদর্শন করলে আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে মর্মে আশা করেন।

**৯. পেশ ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, দিরাই** আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, বর্তমানে দিরাই উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভাল। এ উপজেলার ৩০০ মসজিদে শুক্রবার খুৎবার পূর্বে আইন শৃংখলা পরিস্থিতি শান্তিপূর্ণ রাখা, সন্ত্রাস ও জঙ্গীবাদ বন্ধের নির্দেশনামূলক বয়ান করা হয় এবং বাল্য বিবাহ বন্ধে ইমামদের সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

*১০. জনাব রঞ্জন রায়, সভাপতি, উপজেলা যুবলীগ, দিরাই, সদস্য* ঃ তিনি শুরুতে সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি রফিনগর ইউনিয়নের কালিয়াকোটা হাওরের নৌ দূর্ঘটনায় ০৫ জন শিশুসহ ১০ জনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং সভায় একটি শোক প্রস্তাব অনুমোদনের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় ও সভার দৃষ্টি আকর্ষণ করেন। হাওরের নৌ দূর্ঘটনা এড়ানোর জন্য বড় বড় হাওর গুলোতে টাওয়ার নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় অনুরোধ জানান । তিনি আসন্ন দূর্গাপুজা উপলক্ষ্যে পুজার শেষ ০২দিন হারানপুর ও মজলিসপুর রস্তায় যানবাহান চলাচল বন্ধ রাখাসহ মাদক ও জুয়া খেলা বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ দিরাই থানার দৃষ্টি আকর্ষণ করেন।

১১. জনাব জনাব জিয়াউর রহমান লিটন, সাধারণ সম্পাদক, দিরাই প্রেসক্লাব, দিরাই, বলেন পৌরসভা এলাকায় অবৈধ ব্যাটারিচালিত রিক্সা, ইজিবাইক, টমটম অবাধে চলাচল বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

১২. জনাব আতাউর রহমান, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার বলেন রফিনগর ও ভাটিপাড়া ইউপি চেয়ারম্যান উত্থাপিত বিষয়টি সরেজমিনে সমাধান করার জন্য অফিসার ইনচার্জ, দিরাই থানাকে অনুরোধ করেন। তিনি উপজেলা

মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মান কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন এবং আসন্ন দূর্গাপুজা উপলক্ষ্যে পুজামন্ডপের রাস্তাগুলোতে মোটরসাইকেল চালাচল বন্ধের জন্যও অনুরোধ জানান।

১৩. জনাব এডভোকেট সোহেল আহমদ ছহিল মিয়া, সদস্য ঃ উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন বলেন, কালিকোটা হাওরে নৌ দূর্ঘটনা মাননীয় সংসদ সদস্য ও জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়সহ সরেজমিন পরিদর্শন করেছেন, তিনি দূর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে গভীর শোক প্রকাশ করেন এবং সভায় একটি শোক প্রস্তাব অনুমোদনের অনুরোধ জানান। তিনি রফিনগর ও ভাটিপাড়া ইউপি চেয়ারম্যান এর উত্থাপিত খেয়াচলাচলের অংশটি দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা আওতাধীন হওয়া শীমুলবাঁক ইউপি চেয়ারম্যান এর সাথে আলোচনা করে সমধানের জন্য অনুরোধ জানান এবং কিছু লোক বৈধভাবে জারুলিয়া নদীর জলমহালের দখল প্রাপ্তির আগেই বাঁশ-কাটা দিয়ে দখলের চেষ্টা করছে, অতীতেও এই জলমহাল নিয়ে আইন শৃংখলা অবনতি হয়েছে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

১৪. জনাব মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ শুরুতে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে উপস্থিতি সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন যে, বর্তমানে দিরাই উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভাল আছে। তিনি কালিয়াকোটা হাওরের নৌ দূর্ঘটনায় নিহতদের প্রতিবারের প্রতি সমবেদনা জানিয়ে গভীর শোক প্রকাশ করেন। তিনি দিরাই উপজেলার সবকয়টা হাওরে বজ্রপাত ও নৌ-দূর্ঘটনা নিয়ন্ত্রণের জন্য বজ্রনিরোধক দন্ডসহ টাওয়ার স্থাপনের বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। বাজারে ধানের দাম কম থাকায় কৃষককে চাষাবাদের জন্য কৃষকদের কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে আইন পক্রিয়া সহজ করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

১৫. অফিসার ইনচার্জ দিরাই থানা ঃ উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে, মাননীয় প্রধান মন্ত্রীর ঘোষণা ও মাননীয় সংসদ সদস্য ড. জয়াসেন গুপ্তা মহোদয়ের নির্দেশনা মোতাবেক দিরাই উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য পুলিশ বিভাগ অত্যন্ত সতর্ক। প্রয়োজনের তুলনায় থানায় অফিসারের সংখ্যা কম। তথাপিও জুয়া খেলা, মাদক সেবনকারীসহ অন্যান্য অপরাধীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত আছে। রাজানগর ইউনিয়ন হতে ৬জনকে গ্রেফতার করে চালান করা হয়েছে। অপরাধ নির্মূল করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নের অপরাধীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা কামনা করেন এবং মালামালসহ (মোটরসাইকেল) কোন অপরাধীকে ধরা হলে কোন প্রকার তদবির না করার জন্য অনুরোধ জানান। তিনি ভাটিপাড়া ও রফিনগর ইউপি চেয়ারম্যানসহ সভায় উত্থাপিত বিষয়গুলো নিরসনের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করবেন মর্মে সভাকে অবহিত করেন। ইউনিয়ন পর্যায়ে মাসিক আইন শৃংখলা কমিটি মাসিক সভা অনুষ্ঠানের আয়োজন করা ও সভার তারিখ অবহিত করার জন্য ইউপি চেয়াম্যানগণকে অনুরোধ জানান। অত্র উপজেলার যে কোন স্থানে কোন অপরাধমূলক কার্যক্রমের তথ্য থাকলে তাৎক্ষনিক থানাকে অবহিত করে উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন যে, সম্প্রতি কালিয়াকোটা হাওরে নৌ-দূর্ঘটনার সংবাদ পাওয়ার সাথে সাথে ফোর্সসহ উদ্ধার কাজে অংশগ্রহণ করে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন এবং নৌ-দূর্ঘটনায় রফিনগর ইউনিয়নের ৫জন শিশুসহ ১০ জনের মৃতদেহ অন্যান্যদের উদ্ধার করেন। তিনি নৌ-দূর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি সমবেদনা ও গভীর শোক প্রকাশ করেন।

১৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাইঃ সভায় শুরুতে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে এবং সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন বলেন যে, আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত কর্মকর্তাদের ভদ্রজন শ্রদ্ধার সাথে দেখেন আর অপরাধীরা ভয় পায়। এলাকার মানুষ সম্মানের সাথে দেখছেন। মানুষ থাকলে অপরাধ থাকবে এটাই স্বাভাবিক, কোন অপরাধী যখন বিচারের আওতায় আসবে তখন কেউ যেন অপরাধীদের পক্ষ না নেই এবং আমরা যেন তদবির না করি। কালিয়াকোটা হাওরে নৌ-দূর্ঘটনায় সারা রাত জেগে উদ্ধার কাজ পরিচালনায় অংশগ্রহণকারী এলাকাবাসী, পুলিশ বিভাগ, ডুবুরীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উদ্ধার কাজ পরিচালনায় মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, ইউপি চেয়ারম্যানসহ যারা নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে পরিশ্রম করেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি মিডিয়া সাংবাদিকগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, পত্রিকায় উদ্ধার কাজে ডুবুরী ও পুলিশ বিভাগের নাম প্রকাশ করা হলেও স্থানীয় জনপ্রতিধিন ও এলাকাবাসী সহযোগিতায় ডুবরী আসার আগে ৯টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে মর্মে উল্লেখ করেন। তিনি শ্যামারচর বাজারসহ অন্যান্য বাজারের ইজারাদারগণ টোল চার্ট প্রদর্শন না করে অতিরিক্ত হারে টোল আদায়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হলেও এখন পর্যন্ত টোল চার্ট প্রদর্শন করে নির্ধারিত হারে টোল আদায় না করায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। দিরাই সরমঙ্গল ইউপি চেয়াম্যান কর্তৃক উত্থাপিত হুমকির বিষয়টি খতিয়ে দেখার জন্য উপজেলা নিবাহী অফিসার ও অফিসার ইনচার্জ দিরাই থাকেন অনুরোধ জানান। তিনি ব্যাটারি চালিত টমটম, অটোরিক্সা জাতীয় যানবাহনগুলো জাতির অভিশাপ বলে উল্লেখ করেন এবং হাইকোর্টের নির্দেশনা মোতাবেক লাইসেন্স বাতিলসহ ব্যাটারী চালিত অবৈধ যানবাহন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সভায় উত্থাপিত বিষয়গুলোর উপর ব্যবস্থা গ্রহণ করে আগামী সভায় অবহিত করা জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

১৭. মাননীয় সংসদ সদস্য মহোদয় ড. জয়া সেনগুপ্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। বক্তব্যের শুরুতে কালিয়াকোটা হাওরে নৌ দূর্ঘটনায় ৫জন শিশুসহ ১০ জনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং শোকাহত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয় সভায় উত্থাপিত নৌ দূর্ঘটনায় ৫জন শিশুসহ ১০ জনের

মৃত্যুতে শোক প্রস্তাবটি অনুমোদন করে কার্যবিবরণীতে শোক প্রস্তাবটি অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করেন। সভায় উত্থাপিত আসন্ন দূর্গাপুজায় রাস্তাগুলোতে দর্শনার্থীদের নিরাপদ যাতায়াতের জন্য হোন্ডা চলোচল বন্ধ রাখা, দিরাই-শাল্লায় মাদক/জুয়া সম্পূর্ণরূপে বন্ধরাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ দিরাই থানাকে নির্দেশনা প্রদান করেন এবং মাননীয় সংসদ সদস্য মহোদয় দিরাই উপজেলার প্রতিটি পুজা মন্ডপে ৩০০০/-(তিন হাজার) টাকা করে প্রণামী প্রদানের ঘোষনা প্রদান করেন। তিনি হাওরে বজ্রপাত ও দূর্ঘটনা মোকাবেলায় বজ্রনিরোধক দন্ডসহ টাওয়ার নির্মানের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বস্থ করেন। সরকারি জলমহালগুলোতে বেশী বেশী হিজল করচ গাছ লাগানো এবং প্রতিটি নৌ-পরিবহনে লাইফ জ্যাকেট সরবরাহ অত্যন্ত দরকারী মনে করেন এবং হিজল করচ গাছ রোপণ ও নৌকায় লাইফ জেকেট সরবরাহের প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাইকে নির্দেশনা প্রদান করেন। বাজারে ধানের দাম কম বিধায় কৃষি কাজের জন্য কৃষকদের কৃষি ঋণ পদানের ক্ষেত্রে আইনি প্রক্রিয়া সহজ করার বিষয়ে মহান সংসদে উত্থাপন করবেন মর্মে সভাকে অবহিত করেন। ভাটিপাড়া ও রফিনগর ইউপি চেয়ারম্যানের উত্থাপিত নৌকা/মটর সাইকেল চলাচলে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ এর স্বাথে আলোচনাক্রমে সমাধানসহ সভায় উত্থাপিত চরনারচর ইউনিয়নের চঞ্চলা রানী রায় কর্তৃক এলাকার স্বনাধন্য ব্যক্তিত্ব জগদীশ সামন্ত রায় সম্মানহানীকর ঘটনার সমস্য ও সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ দিরাই থানাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন এবং রাস্তায় স্থাপিত নষ্ট ল্যাম্প পোস্টগুলো সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

<u>১৮. উপজেলা নির্বাহী অফিসার, দিরাই ও সভাপতি</u> ঃ সভায় জানান যে, দিরাই উপজেলায় বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি কালিয়াকোটা হাওরে নৌ-দূর্ঘটনায় ৫জন শিশুসহ ১০ জনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং শোকাহত পরিবারের প্রতি সমবেদন প্রকাশ করে বলেন যে, দূর্ঘটনা সংবাদ পাওয়ার পরই জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় ঘটনাস্থল পরিদর্শন করেন এবং তৎক্ষনিক নিহতদের পরিবারকে নগদ ২০,০০০/-(বিশ হাজার টাকা) মানবিক অনুদান প্রদান করেন। জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের নির্দেশনা মোতাবেক সফলভাবে উদ্ধারকাজ পরিচালনা করা হয়েছে। প্রশাসনের পাশাপাশি সকলের দায়িত্ব হচ্ছে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা। তিনি সভায় উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান, পুলিশ বাহিনীর পাশাপাশি স্থানীয় আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ ও ইউনিয়ন পর্যায়ে সভা করার দায়িত্ব হচ্ছে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের। ইউনিয়ন পর্যায়ের আনসার সদস্যদের দলপতিগণ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ দিরাই থানাকে সার্বিক সহযোগিত প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকতাকে অনুরোধ করেন। তিনি আরো বলেন যে, দিরাই উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা হয়েছে। তারপরও যদি এ উপজেলা সদর বা অন্য কোন ইউনিয়নে বাল্য বিবাহ হয় তাহলে তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানান এবং বাল্যবিবাহ সম্পর্কিত উপজেলা মনিটরিং টিমকে বিভিন্ন ইউনিয়নের বাল্য বিবাহ নিরোধ কমিটি থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করে উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত সমূহ ঃ</u>

১. কালিয়াকোটা হাওরের নৌ-দূর্ঘটনায় ১০জন নিহত হওয়া সভায় গভীর শোক প্রকাশ করা হয় এবং নিহতদের উদ্দেশ্যে শোক প্রস্তাব গৃহীত হয়।

২. ভাটিপাড়া ও রফিনগর ইউনিয়নের জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহণে সুবিধার্থে কার্তিক মাসের ১০ তারিখের পর হতে মোটর সাইলেক চলাচলের বিদ্যমান সমস্যাটি আলোচনাক্রমে সমাধানের জন্য অফিসার ইনচার্জ, দিরাই থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. হাওরের নৌযানে লাইফ জ্যাকেট রাখার বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. রাস্তায় স্থাপিত ল্যাম্প পোষ্টগুলো দ্রুত মেরামত/পুনস্থাপনের জন্য পি.আই.ও, দিরাইকে অনুরোধ করা হয়।

৫. চরনারচর ইউনিয়নের চঞ্চলা রানী রায় কর্তৃক এলাকার স্বনাধন্য ব্যক্তিত্ব জগদীশ সামন্ত রায় সম্মানহানীকর ঘটনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ দিরাই,থানাকে অনুরোধ জানানো হয়।

৬. বাল্য-বিবাহ প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারী বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. ইউনিয়ন পরিষদের আইনশৃংখলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. জনসাধারনের জানমালের নিরাপত্তা বিধানসহ সার্বিক আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ দিরাই,থানাকে অনুরোধ জানানো হয়।

৯. চুরি-ডাকাতি বন্ধে পুলিশি টহল জোরদার করণের জন্য এবং সভায় উত্থাপিত অভিযোগগুলো খতিয়ে দেখার জন্য অফিসার ইনচার্জ দিরাই থানাকে অনুরোধ জানানো হয়।

১০. আবাসিক এলাকায় চুরি বন্ধে রাতের পাহার জন্য একটি টিম গঠনের জন্য অফিসার ইনচার্জ দিরাই থানাকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আইন শৃঙ্খলাপরিস্থিতি সংক্রান্ত কাজে সার্বিক সহযোগিতা করার জন্য উদাত্ত আহবান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(বিশ্বজিত দেব)
উপজেলা নির্বাহী অফিসার(চ.দা.)
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
দিরাই, সুনামগঞ্জ।
ফোনঃ ০১৭৯৪-৪৪৮-৭৩২
unoderai@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১২.০০২.১৬-১১১২ (৫০) তারিখ ঃ২৮ অক্টোবর ২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৩. পুলিশ সুপার, সুনামগঞ্জ
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই,সুনামগঞ্জ
৫. ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা),উপজেলা পরিষদ,দিরাই, সুনামগঞ্জ।

অনুলিপিসদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ
২. মেয়র, দিরাই পৌরসভা, দিরাই, সুনামগঞ্জ
৩. উপজেলা.................................. ........................অফিসার (সংশিষ্ট সকল), দিরাই
৪. অফিসার ইনচার্জ, দিরাই থানা, দিরাই, সুনামগঞ্জ
৫. আবাসিক প্রকৌশলী, বিদুৎ উন্নয়ন বোর্ড, দিরাই
৬. চেয়ারম্যান, .................................ইউপি (সকল), দিরাই
৭. কমান্ডার,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ,দিরাই উপজেলা ইউনিট কমান্ড
৮. সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, দিরাই,সুনামগঞ্জ
৯. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,...........................কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা,দিরাই
১০. জনাব/বেগম.......................................................................
১১. অফিস নথি/ মাস্টার ফাইল।

উপজেলা নির্বাহী অফিসার(চ.দা.)
দিরাই, সুনামগঞ্জ।